ফাতওয়া নাম্বার:৩৪০ প্রকাশকালঃ০৪-০৩-২০২৩ ইং

পালিত কন্যা কি মাহরাম হবে?

প্রশ্নঃ

কোনও ব্যক্তির সন্তান হয় না। তাই সে কোনও মেয়েকে পালক নিয়ে এলো। সেই মেয়ে প্রাপ্তবয়স্ক হওয়ার পর কি তার সাথে দেখা করতে পারবে?

নাম- আবদুর রহমান

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

পালক সন্তানকে যদি চাঁদের মাস হিসেবে তার জন্মের দুবছরের মধ্যে পালক বাবার স্ত্রীর দুধ পান করানো যায়, তাহলে উক্ত সন্তান তার পালক বাবার জন্য দুধ সন্তান হিসেবে মাহরাম গণ্য হবে এবং বালেগা হওয়ার পর বাবার সঙ্গে দেখা সাক্ষাত করতে পারবে। পক্ষান্তরে তাকে যদি এই সময়ের মধ্যে স্ত্রীর দুধ পান করানো না যায়, তাহলে শুধু পালিত কন্যা হওয়ার সূত্রে সে মাহরাম হবে না এবং বালেগা হওয়ার পর পালক বাবার সঙ্গে পরস্পর দেখা সাক্ষাতও জায়েয হবে না। শারীরিক গঠন চোখে পড়ার মতো হলে বালেগা হওয়ার আগে থেকেই দেখা সাক্ষাত বন্ধ করে দিতে হবে। -সূরা আহযাব (৩৩) : ৪; সহীহ বুখারী: ৩/১৭০ হাদীস নং: ২৬৪৭ দারু তাওকিন নাজাহ; সহীহ মুসলিম: ২/১০৭৮ হাদীস নং: ১৪৫৫ দারু ইহইয়ায়িত তুরাসিল আরাবী; জামে ’ তিরমিযী: ২/৪৪৯ হাদীস নং: ১১৫২ দারুল গারবিল ইসলামী; তাফসীরে তাবারী: ৫/৩৬-৩৭ মুআসসাসাতুর রিসালাহ; ফাতহুল বারী: ৯/৫০৫ দারুল ফিকর; ফাতাওয়া শামী: ৩/২০৯ দারুল ফিকর;

তাকমিলাতু ফাতহিল মুলহিম: ১/৫২ দারুল কলম, দিমাশক; ফাতাওয়া উসমানী: ৪/৫০২ যাকারিয়া বুক ডিপো

والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৮-০৬-১৪৪৪ হি.

১২-০১-২০২৩ ঈ.